অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো, অ্যাম্বুলেন্স এবং প্রাথমিক সাড়া প্রদানকারী পরিষেবা সরবরাহ করা সংস্থাগুলোকে তৃতীয় পক্ষের কাছে বিপণনের উদ্দেশ্যে ব্যক্তিগত রোগীর তথ্য প্রকাশ করাকে নিষিদ্ধ করে করা আইনে স্বাক্ষর করেছেন

গভর্নর কুওমো: "কোনো কিছুই আপনার স্বাস্থ্য রেকর্ডের চেয়ে ব্যক্তিগত নয়, এবং এই প্রচন্ড সংবেদনশীল তথ্যের ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীর গোপনীয়তার অধিকার রয়েছে। রোগীর তথ্য যাতে বিক্রিত না হয় কিংবা বিপণনের উদ্দেশ্যে ব্যবহৃত না হয় এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে, ভুল হাতে না পৌছায় এই আইন সেটির সুস্পষ্ট নির্দেশিকা নির্ধারণ করে দিয়েছে।"

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ অ্যাম্বুলেন্স এবং প্রাথমিক সাড়া প্রদানকারী পরিষেবা সরবরাহ করা সংস্থাগুলোকে তৃতীয় পক্ষের কাছে বিপণনের উদ্দেশ্যে ব্যক্তিগত রোগীর তথ্য প্রকাশ অথবা বিক্রি করাকে নিষিদ্ধ করে করা আইনে (S.4119/A.230) স্বাক্ষর করেছেন। পূর্ব আইন অনুসারে, একজন স্বতন্ত্র রোগীর ঠিকানা এবং ফোন নম্বর, প্রেসক্রিপশন এবং চিকিৎসা ইতিহাস শনাক্ত করে এমন তথ্য জরুরী সাড়া প্রদানকারীরা বিক্রি করতে পারত। নতুন আইনে এই ধরনের তথ্য, শুধুমাত্র স্বাস্থ্যসেবা প্রদানকারী, রোগীর বিমাকারী এবং যথাযথ আইনি কর্তৃপক্ষের অধীনে কাজ করা দলগুলো ব্যতীত তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করা নিষিদ্ করা হয়েছে।

"কোনো কিছুই আপনার স্বাস্থ্য রেকর্ডের চেয়ে ব্যক্তিগত নয়, এবং এই প্রচন্ড সংবেদনশীল তথ্যের ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীর গোপনীয়তার অধিকার রয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "রোগীর তথ্য যাতে বিক্রিত না হয় কিংবা বিপণনের উদ্দেশ্যে ব্যবহৃত না হয় এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে, ভুল হাতে না পৌছায় এই আইন সেটির সুস্পষ্ট নির্দেশিকা নির্ধারণ করে দিয়েছে।"

সিনেটর জন সি লিউ বলেন, "আমরা এমন এক পৃথিবীতে বাস করি যেখানে আমাদের তথ্য কিভাবে প্রতিদিন কেনা এবং ব্যবহৃত হচ্ছে তা নিয়ে আমাদের চিন্তা করতে হবে। কেউ একজন যখন জীবন-হুমকিতে থাকার মত সংকটে পড়বে, কোনো অবস্থাতেই যেকোনো কারণে তাদের তথ্য বিক্রি হয়ে যাচ্ছে এমন চিন্তায় পড়ার কথা নয়। ইতোমধ্যে যথেষ্ঠ ভুগেছেন এমন সবার গোপনীয়তা সুরক্ষিত করার মাধ্যমে এই বিলটি নিউ ইয়র্কবাসীর মনে শান্তি স্থাপন করবে।"

অ্যাসেম্বলি সদস্য এডওয়ার্ড ব্রাউনস্টাইন বলেন, "নিউ ইয়র্ক স্টেটের কিছু জরুরী পরিষেবা প্রদানকারীরা অর্থ সংগ্রহ এবং বিপণনের উদ্দেশ্যে সম্ভবত রোগীর সুরক্ষিত স্বাস্থ্য তথ্য (protected health information, PHI) বিক্রি করছে এমন তথ্য প্রকাশ হবার পরে 2014 সালে আমি প্রথম

এই আইনটি উপস্থাপন করি। রোগীদের গোপনীয়তার অধিকার আছে এবং তাদের চিকিৎসা সংক্রান্ত তথ্য কখনও ফার্মাসিউটিক্যাল কোম্পানি, বিমাকারী, নার্সিং হোম বা অন্যান্য ব্যবসার কাছে বিক্রি করা যাবে না।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন